

স্মারক নং-৩১২

তারিখ : ১০/১১/২০২২খ্রি:

অডিট নোটিশ

(সমবায় সমিতি বিধিমালা/০৪এর ১০২(২)বিধি অনুযায়ী)

প্রাপক ,

সভাপতি/সম্পাদক

বাঁশখালী উপজেলা কেন্দ্রীয় সমবায় সমিতি লিঃ

গ্রাম : জলদী, ডাক : জলদী, উপজেলা : বাঁশখালী, চট্টগ্রাম।

বিষয় : সমিতির ২০২১-২০২২ খ্রি: সনের বার্ষিক বিধিবদ্ধ অডিট সম্পাদন প্রসংগে।

সূত্র : জেলা সমবায় অফিসার, চট্টগ্রাম মহোদয়ের আদেশ নং-১৫৪৭, তারিখ : ০৫/০৮/২০২১ খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে আপনাকে জানানো যাচ্ছে যে, সমবায় সমিতি আইন/২০০১ (সংশোধিত-২০০২ ও ২০১৩) এর ৪৩ ধারা মোতাবেক ক্ষমতা প্রাপ্ত নিম্নস্বাক্ষরকারী কর্তৃক আপনার সমিতির ২০২১-২০২২খ্রি: সনের (বকেয়া থাকলে বকেয়া সহ) আগামী ২৯/১১/২০২২ খ্রি: তারিখে সকাল ১১.০০ ঘটিকার সময় বার্ষিক বিধিবদ্ধ অডিট সমিতির কার্যালয়ে আরম্ভ করা হবে। সমবায় সমিতি আইন/২০০১ (সংশোধিত-২০০২ ও ২০১৩) এবং সমবায় বিধিমালা /২০০৪ অনুযায়ী উক্ত তারিখে যথাসময়ে ও স্থানে সমিতির যাবতীয় খাতাপত্রাদি হালনাগাদ করতঃ ০১/০৭/২১খ্রি: হতে ৩০/০৬/২২খ্রি: পর্যন্ত (বকেয়া সহ যদি থাকে) নিম্নবর্ণিত হিসাব বিবরণী প্রতি ০৩ প্রস্থ অডিট ম্যানুয়েল অনুযায়ী প্রস্তুত করতঃ প্রয়োজনীয় সকল খাতাপত্র ও রেকর্ডপত্র উপস্থাপন পূর্বক সমবায় সমিতি বিধিমালা/২০০৪ এর ১০২(৩) বিধি অনুযায়ী অডিট কাজে প্রয়োজনীয় সহযোগিতা করার জন্য অনুরোধ করা হল।

এমতাবস্থায়, আগামী ২৯/১১/২০২২খ্রি: তারিখের পূর্বে সমবায় অধিদপ্তর কর্তৃক প্রণীত অডিট ম্যানুয়েল অনুযায়ী নিম্নবর্ণিত হিসাব বিবরণী ও তালিকা সমূহের ৩ (তিন) প্রস্থ নিম্নস্বাক্ষরকারীর নিকট উপস্থাপন করার জন্য অনুরোধ করা হলো।

উল্লেখ্য যে, হিসাব বিবরণী পাওয়া সাপেক্ষে নির্ধারিত দিনে অডিট কার্য আরম্ভ করা হবে।

১। ২০২১-২০২২ খ্রিঃ সনের সমাপ্ত বছরের প্রাপ্তি ও প্রদান হিসাব বিবরণী, নগদ প্রবাহ বিবরণী এবং লাভ ক্ষতি বিবরণী (ক্রয় বিক্রয় হিসাব/বাণিজ্যিক হিসাব যদি থাকে)

২। ৩০/০৬/২০২২ খ্রিঃ তারিখে স্থিতিপত্র।

৩। ব্যাংক স্টেটমেন্ট।

৪। যাবতীয় সম্পদ ও দেনা পাওনার তালিকা।

৫। মজুদ মালামালের বিবরণী।

এতদসংগে নিম্নবর্ণিত অডিট বিজ্ঞপ্তি খানা সমিতির সদস্যদের উদ্দেশ্যে বহুল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হল।

(গাজী মু: ওমর ফারুক চৌধুরী)

অডিট অফিসার

ও

উপজেলা সমবায় অফিসার

বাঁশখালী, চট্টগ্রাম।

মোবাইল নং-০১৮১৯-৮৪২৯২৬

স্মারক নং-৩১২/২

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরিত হল :

১। জেলা সমবায় অফিসার, চট্টগ্রাম।

২। যুগ্ম-নিবন্ধক, বিভাগীয় সমবায় দপ্তর, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।

তারিখ : ১০/১১/২০২২খ্রি:

“ অডিট বিজ্ঞপ্তি ”

এতদ্বারা বাঁশখালী উপজেলা কেন্দ্রীয় সমবায় সমিতি লিঃ এর সকল সদস্য/সদস্যা, দেনাদার, পাওনাদার ও সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আগামী ২৯/১১/২০২২খ্রি: তারিখে সকাল ১১.০০ ঘটিকার সময় সমিতির কার্যালয়ে ২০২১-২০২২খ্রি: সনের বার্ষিক বিধিবদ্ধ অডিট বকেয়া সহ(যদি থাকে) আরম্ভ করা হবে। সমিতির সকল দেনাদার/পাওনাদার ও সংশ্লিষ্ট সকলকে নির্ধারিত তারিখে অফিস চলাকালীন সময়ে সমিতির হিসাবের সাথে স্ব স্ব হিসাব মিলিয়ে নেয়ার জন্য অনুরোধ করা হল। অন্যথায় সমিতি কর্তৃক রক্ষিত হিসাবকে চূড়ান্ত বলে গণ্য করা হবে। উল্লেখ্য যে, এতদসংক্রান্ত পৃথক কোন ভেরিফিকেশন স্লিপ ইস্যু করা হবে না।

(গাজী মু: ওমর ফারুক চৌধুরী)

অডিট অফিসার

ও

উপজেলা সমবায় অফিসার

বাঁশখালী, চট্টগ্রাম।

মোবাইল নং-০১৮১৯-৮৪২৯২৬